সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
# পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে মাঘ বুধবার, ১৩৭২ ইং 2nd Feb. 1966 { ৩৬শ সংখ্যা


সকল ঘরের তরে...
# দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



# খাস জনতা
কেরোসিন কুকার
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন
## শিবদুর্গা বস্ত্রালয়
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

## ষ্টুডেন্টস্ ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৯শে মাঘ বুধবার সন ১৩৭২ সাল।

## প্রতিমা পূজা

—•—

প্রতিমা পূজা আমাদের দেশে অনাদিকাল হইতে প্রচলিত। বহু উচ্চ স্তরের সাধক, শাস্ত্রজ্ঞ-পণ্ডিত সদাচার-পরায়ণ ব্রাহ্মণ এবং ধর্ম্মে আস্থাসম্পন্ন ব্যক্তিবর্গ—কেহই প্রতিমা-পূজার কর্ত্তব্যতা সম্বন্ধে দ্বিমত নহেন। প্রতিমা-পূজক যাঁহারা তাঁহারা সাকার উপাসক ইহা বলা বাহুল্যমাত্র। আমাদের দেশের বেদত্যাগী নাস্তিক ধার্ম্মিকগণ কিন্তু প্রতিমা পূজার ঘোর বিরোধী। তাঁহারা প্রতিমা-পূজক বা মূর্ত্তিপূজকদিগকে পৌত্তলিক বা পুতুলপূজক বলিয়া উপহাস করিতে দ্বিধাবোধ করেন না। "প্রাচীনকাল হইতে সমাজে প্রতিমাপূজার প্রথা প্রচলিত হইয়া আসিতেছে"—ঈদৃশ পাণ্ডিত্যব্যঞ্জক কথা ব্যবহার করিয়া সনাতনধর্ম্মে অনুরক্ত জনগণের প্রতি কৃপাকটাক্ষপাত করতঃ তাঁহারা গৌরব অনুভব করেন। সাকার-উপাসনা মিথ্যা উপাসনা নিষ্ফল-উপাসনা—ইহা সু-উচ্চ কণ্ঠে ঘোষণা করিতে তাঁহাদের বিন্দুমাত্র কুণ্ঠাবোধ হয় না। একখানি ইংরেজী কাগজে পড়িয়াছিলাম—পৃথিবীতে উন্মাদের সংখ্যা যেরূপ বাড়িয়া যাইতেছে তাহাতে অনুন্মাদক-গণ বেদখল হইলেন বলিয়া—বিশেষতঃ এই গণ-তন্ত্রের যুগে। বিজ্ঞপ্রাজ্ঞগণ শাস্ত্রের কোন ধার ধারেন না, কাজেই শাস্ত্রোক্ত পূজাতত্ত্ব তাঁহাদের মতে কল্পনাবিলাস ব্যতীত আর কিছুই নহে। যাঁহারা ইহাদেরই সহযোগী কিন্তু শাস্ত্র মানেন বলিয়া যাঁহাদের অভিমান আছে তাঁহারা বলিয়া থাকেন সাকার পূজা বা প্রতিমা-পূজা একেবারেই যে নিরর্থক তাহা নহে, ইহা মনকে স্থির করিবার উপায়মাত্র—ঈদৃশ পূজা নিম্নাধিকারীর পক্ষেই বিহিত, উচ্চমার্গের সাধকগণের পক্ষে নহে। শ্রীমদ্‌ভাগবতে ঠিক ইহার বিপরীত কথাই কিন্তু দেখিতে পাই। ব্যাসদেবের মতে—সর্ব্বভূত-গুহাশায়ী পরমেশ্বরকে মানুষ দেখিতে পাই না বলিয়া তাহারা পরস্পর পরস্পরের প্রতি অবজ্ঞা প্রকাশ করে, অথচ শ্রীহরি সকল মানুষের মধ্যেই অন্তর্যামিরূপে বর্ত্তমান আছেন বলিয়া সকলেই সকলকে যথোচিত সম্মান সমাদরাদি করিবে—ইহাই ভগবত বিধান। কিন্তু সংসারে আমরা কি দেখিতে পাই? মানুষ পশুপক্ষী বৃক্ষলতাগুল্ম প্রভৃতিতে ভগবৎসত্তা উপলব্ধি করিবার শিক্ষা ও শক্তি আমাদের নাই, হিংসা দ্বেষ বিদ্বেষে এই সংসার পরিপূর্ণ, মানুষ ও মানুষের মধ্যে ব্যবহার যে অতি কদর্য্য তাহা প্রত্যক্ষ দৃশ্য; কেবল তাহাই নহে—পিতামাতা প্রভৃতি গুরুজনদিগকেও অবজ্ঞা করিতে আমাদের কোন দ্বিধা উপস্থিত হয় না। এই জন্যই ত্রেতাদিযুগের জ্ঞানিগণ শ্রীভগবানের পূজার নিমিত্ত প্রতিমা-পূজার ব্যবস্থা করিয়াছেন—"যত্র জীবস্তত্র শিবঃ"—ভগবদ্বিগ্রহে অন্ততঃ ভগবদ্‌বুদ্ধি হইবে, এই সম্ভাবনা করিয়া ভগবৎকল্পিত ভগবানেরই নানাবিধ মূর্ত্তি ভগবদ্বিগ্রহ। সাধকানাং হিতার্থায় ব্রহ্মণো রূপকল্পনা—এই বাক্যে 'ব্রহ্মণঃ' পদে ষষ্ঠী কর্ত্তায়। তাৎপর্য এই যে স্বয়ং ভগবানই সাধক-বর্গের পারলৌকিক হিতের নিমিত্ত তাঁহার নানাবিধ মূর্ত্তি (মহাদেব, কালী, দুর্গা, শ্রীহরি প্রভৃতি) জগতে প্রকটিত করিয়াছেন।

---

## কোচিং ক্লাস বন্ধ কেন?

রঘুনাথগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের একাদশ শ্রেণীর allow 'এলাউ' ছাত্রদের কোচিং ক্লাস হয় হয় না কেন? একথার সদুত্তর কে দিবেন? ছাত্রদের নিকট হইতে ১৯৬৬ সালের মার্চ্চ মাস পর্য্যন্ত স্কুলের বেতন আদায় করা হইয়াছে অথচ কোচিং ক্লাস হয় না—এ বিষয়ে আমরা স্কুলের কার্য্য-নির্ব্বাহক কমিটির প্রেসিডেন্ট ও সেক্রেটারী মহোদয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## সরকার নির্দ্ধারিত ধানের দর

পশ্চিমবঙ্গ সরকার ১৯৬৫ সালের অত্যাবশ্যক পণ্য আইন অনুসারে আদেশ জারি করে ১৯৬৬ সালের ১৬ই জানুয়ারী থেকে আমন ধান ও আমন চালের সংশোধিত সর্ব্বোচ্চ মূল্য বলবৎ করেছেন। পশ্চিমবঙ্গের বিভিন্ন অঞ্চলে উৎপাদক এবং ব্যবসায়িগণ এই মূল্য ধার্য্য করতে পারবেন।

জেলাসমূহের বিভিন্ন থানার কোনও সমাবেশ স্থানে নানা শ্রেণীর যে আমন ধান বিক্রয় এবং সরবরাহ করা হবে তার সংশোধিত সর্ব্বোচ্চ মূল্য নীচে দেওয়া হল:

কুইন্টল প্রতি দর—সাধারণ ৩৮ টাকা ৮৫ পয়সা মিহি ৪১ টাকা ৫৫ পয়সা ও অতি মিহি ৪৪ টাকা ২০ পয়সা।

---

## উজান কাঁধা সাঁকো ও রমনা গ্রামের রাস্তা

মুর্শিদাবাদ জেলা পরিষদের নির্ব্বাচিত ঠিকাদার উপরোক্ত স্থানের রাস্তায় মাটী দেওয়া শেষ ক'রেছে এবং বিভাগীয় কর্ম্মচারী কর্ত্তৃক কাজের জরিপ কার্য্যও সমাধা হ'য়েছে। উক্ত কার্য্য পরিদর্শনের জন্য পরিষদের ইঞ্জিনিয়ার সঞ্জীব বাবুকে অনুরোধ করিতেছি।

---

## বাণী বন্দনা

অন্যান্য বৎসরের ন্যায় এবারেও জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শহরের পল্লীতে ও অলিতেগলিতে মা সরস্বতীর প্রতিমা পূজা হইয়াছে। অধিকাংশ প্রতিষ্ঠানই সাধারণের নিকট চাঁদা সংগ্রহ করিয়া বাণী বন্দনা করিয়াছেন।

---

## হারাইয়াছে

গত ২১শে জানুয়ারী শুক্রবার সন্ধ্যায় শ্রীদুর্গা মোটর বাসে বহরমপুর হইতে আসার সময় আমার নামে প্রদত্ত 'পাওয়ারনামা' দুইখানি এবং 'ইন্টার মিডিয়ারী বণ্ড' দলিল হারাইয়াছে। ঐ তারিখে সমসেরগঞ্জ থানায় ডাইরী করিয়াছি। ফেরত পাইলে ফেরতদাতাকে পুরস্কার দেওয়া হইবে।

**শ্রীসুভাষকুমার রায়**

কাঞ্চনতলা, পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)

## রঘুনাথগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়ের
## দ্বিতল গৃহ বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরের মধ্যস্থলে আট কাঠা জমির উপর অবস্থিত দ্বিতল পোক্তা দালান বিক্রয় হইবে। ক্রয়েচ্ছু ব্যক্তিগণ বিস্তারিত বিবরণের জন্য সত্বর নিম্নে অনুসন্ধান করুন।

সেক্রেটারী, রঘুনাথগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়
পোঃ রঘুনাথগঞ্জ ( মুশিদাবাদ )

## বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরের মধ্যস্থলে ভদ্র পল্লীতে সদরঘাটের নিকটে একখানি পোক্তা বাড়ী বিক্রয় হইবে। ঐ বাড়ীতে **নন্দী ষ্টুডিও** আছে।

**শ্রীক্ষীরোদা রায়**, সাং রঘুনাথগঞ্জ।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ১৪ই ফেব্রুয়ারী, ১৯৬৬

১৯৬৫ সালের ডিক্রীজারী

২৭ স্বত্ব ডিঃ গৌরাঙ্গচন্দ্র মণ্ডল দেং ক্ষেত্রমুনী দাসী দাবী ৫৭·১৭ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে ছোটকালিয়াই ৭৩ শতকের কাত ১৮৩ আঃ ৫০৲ খং ৩৯৮ ২নং লাট মৌজাদি ঐ ১১ শতকের কাত ৮/৯ আঃ ২৫৲ খং ৫৩০

২৫ মনি ডিঃ সুধীরকুমার মুখোপাধ্যায় দেং বৈদ্যনাথ সাহা দাবি ২০৩·৭৭ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী জমি ১২৭ শতকের কাত ১৷৵০ মধ্যে অর্দ্ধেক ৬৩½ শতক আঃ ১০০৲ খং ৪১০ ও ৪১১ ২নং লাট থানা ঐ মৌজে শ্রীকান্তবাটী জমি ৫৬ শতকের কাত ৪॥/১০ মধ্যে অর্দ্ধেক ২৮ শতক আঃ ৫০৲ খং ১১৫

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

নিলামের দিন ২১শে ফেব্রুয়ারী, ১৯৬৬

১৯৬৪ সালের ডিক্রীজারী

১৫ স্বত্ব ডিঃ মোসলেম মোমিন দিং দেং সওকত আলি মোমিন দাবি ৫৩·৩৯ পঃ থানা ফরাক্কা মৌজে সমসেরগঞ্জ জমির পরিমাণ ৩½ শতক মধ্যে ১॥০ শতক নীলাম হইবে আঃ ২৫৲ খং ৪৯১


।। ঘরে সোনা রেখে লাভ কি? ।।

# জাতীয় প্রতিরক্ষা স্বর্ণবণ্ড ১৯৮০

## — কিনুন —

### স্বর্ণবণ্ড কিনলে আপনার সোনা আপনি আবার ফিরে পাবেন

★ প্রতি ১০ গ্রাম বিশুদ্ধ সোনার জন্য বছরে ২৲ পাবেন।

★ সোনার গহনা দিয়ে স্বর্ণবণ্ড কিনলে ব্যাংক হতে প্রতি দশ গ্রাম বিশুদ্ধ সোনার জন্য তিন টাকা হারে মজুরীর ক্ষতিপূরণ বাবদ পাওয়া যাবে এবং এই টাকা স্বর্ণবণ্ডের সংগে দেওয়া হবে।

★ এই টাকার ওপর কোন আয়কর নেওয়া হবে না।

★ স্বর্ণবণ্ড সম্পদকর মুক্ত।

★ স্বর্ণবণ্ড জামিন দিয়ে ব্যাংক থেকে ঋণ নেওয়া যায়।

এই বণ্ড কেনার মেয়াদ ২৮শে ফেব্রুয়ারী, ১৯৬৬ পর্যন্ত বাড়ান হয়েছে।

স্বর্ণবণ্ড কিনে জাতীয় প্রতিরক্ষায় আপনার কর্তব্য পালন করুন

**রিজার্ভ ব্যাংকের সব অফিস এবং ষ্টেট ব্যাংকের সকল শাখা ও অধীনস্থ সংস্থাসমূহের দরখাস্ত নেওয়া হবে।**

ডবলিউ. বি. ( আই অ্যাণ্ড পি. আর ) জি. বি. ৮৭৭৬ (৬০)/৬৫



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও**

**সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।


প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

**আর্ট ইউনিয়ন**

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

**দাস ঘর**

পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

সকল প্রকার সাইন-বোর্ড লেখা হয়

**আর. পি. ওয়াচ কোং**

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।



*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)